"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা

বিষয়ঃ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত ৪র্থ ত্রৈমাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি : মহাপরিচালক , মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
স্থান : সভাকক্ষ, ৫ম তলা, মাল্টিপারপাস হল রুম মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
তারিখ : ০৭/০৬/২০২২ । সময়: বিকাল : ৪.০০
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন।। সভাপতির অনুমতিক্রমে ইনোভেশন অফিসার জানান, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা অনুসারে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনায় ত্রৈমাসিক ভিত্তিতে ৪টি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা করার বিষয়ে উল্লেখ রয়েছে। এরই ধারাবাহিকতায় ৪র্থ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার আয়োজন করা হয়েছে।

ইনোভেশন অফিসার বলেন ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনায় ৪টি প্রশিক্ষণ আয়োজনের উল্লেখ রয়েছে। এ প্রশিক্ষণের আওতায় মহিলা বিষয়ক অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাদেরকে সেবা সহজিকরণ বিষয়ক ২ দিনের ১ টি প্রশিক্ষণ, উদ্ভাবনী উদ্যোগে সক্ষমতা বৃদ্ধির বিষয়ে ২ দিনব্যাপি ১ টি প্রশিক্ষণের আয়োজন করা হয়। এছাড়া গত অর্থবছরে স্বেচ্ছাসেবী মহিলা সমিতি/সংগঠনের রেজিস্ট্রেশন প্রক্রিয়াটি ডিজিটাল সেবায় রূপান্তর করা হয়েছে। এ ডিজিটাল সেবার সফটওয়্যার সম্পর্কে ২টি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে কর্মপরিকল্পনায় ৪টি কর্মশালা আয়োজনের উল্লেখ রয়েছে। এ লক্ষ্যে মাঠ পর্যায়ের ও সদর কার্যালয়ের কর্মকর্তাদের সমন্বয়ে ৪টি কর্মশালা করা হয়েছে বলে ইনোভেশন অফিসার সভাকে অবহিত করেন।

কর্মপরিকল্পনার নির্দেশনা অনুসারে ই-নথির ব্যবহার বৃদ্ধিপূর্বক নোট নিষ্পত্তির বিষয়ে সদর কার্যালয় ও মাঠ পর্যায়ের সকল উপপরিচালক বরাবর পত্র দেয়া হয়েছে বলে সভায় ইনোভেশন অফিসার জানান।

সেবা সহজিকরণ প্রশিক্ষনের মাধ্যমে **'পারিবারিক নির্যাতনের শিকার নারীদের প্রতিকার প্রদান'** সেবাটি সহজ করা হয়। গত ১০/০২/২০২২ তারিখ সকল জেলা ও উপজেলায় **'পারিবারিক নির্যাতনের শিকার নারীদের প্রতিকার প্রদান'** সেবাটি সহজ পদ্ধতিতে প্রদানের জন্য অফিস আদেশ জারী করা হয়।

উদ্ভাবনী উদ্যোগের সক্ষমতা বৃদ্ধির বিষয়ে ২ দিনব্যাপি প্রশিক্ষণের মাধ্যমে ৪টি নতুন উদ্যোগ পাওয়া যায়। এ উদ্যোগ ৪টি যথাক্রমে ক) ক্ষুদ্রঋণ আদায়ে গতিশীলতা আনয়ন, খ)বাল্যবিবাহ প্রতিরোধে ছাত্র-ছাত্রীদের সম্পৃক্তকরণ, গ) ভার্চুয়াল ভূবনে সুরক্ষিত কিশোর-কিশোরী ও ঘ) সুরক্ষিত বয়ঃসন্ধিকাল পাইলটিং করে সকল জেলা ও উপজেলায় বাস্তবায়ন করার জন্য ১৬/০৩/২০২২ তারিখ অফিস আদেশ জারী করা হয় বলে ইনোভেশন অফিসার সভাকে অবহিত করেন। উদ্ভাবনী উদ্যোগগুলি মাঠ পর্যায়ে বাস্তবায়নের ক্ষেত্রে দেখা যায় ৩ টি উদ্ভাবনী উদ্যোগ কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের সচেতনতামূলক কার্যক্রমের সাথে সামঞ্জস্যপূর্ন। এ প্রেক্ষিতে উদ্যোগ ৩টি কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের সহযোগীতায় বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ে পত্র দেয়া হয় বলে ইনোভেশন অফিসার সভাকে অবহিত করেন ।

সেবা ডিজিটাইজেশনের ক্ষেত্রে মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীদের প্রশিক্ষণ সংক্রান্ত ডাটাবেইজ প্রস্তুতের জন্য একটি সফটওয়্যার তৈরি করা হয়েছে বলে ইনোভেশন অফিসার সভাকে অবহিত করেন ।

G/working paper

ই-গভর্ন্যান্স এ সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে অন্য দপ্তরের ন্যূনতম একটি বাস্তবায়িত উদ্যোগ পরিদর্শন/বিদেশী অভিজ্ঞতা অর্জনের ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে উদ্ভাবনী কর্মপরিকল্পনার ১.২.৫ এ উল্লেখ রয়েছে বলে ইনোভেশন অফিসার সভায় অবহিত করেন। এ কার্যক্রম বাস্তবায়নের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরের ইনোভেশন টিম ও ইনোভেশন মনিটরিং কমিটির কর্মকর্তাগন সমাজসেবা অধিদপ্তরের একটি উদ্যোগ গত ২৪/০৫/২২ তারিখ পরিদর্শন করা হয়েছে।

গত ১লা মার্চ ,২০২২ হতে ৩ মার্চ, ২০২২ তারিখ এটুআই প্রোগ্রামের আওতায় আয়োজিত সেবা সহজিকরণ প্রশিক্ষনে মহিলা বিষয়ক অধিদপ্তরের মহিলা প্রশিক্ষণ ও উন্নয়ন একাডেমির মাধ্যমে মহিলাদের বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান সেবাটি সহজিকরণ করা হয়। সভাপতি প্রস্তাবিত পদ্ধতির ধাপ অনুসারে সেবাটির পাইলটিং করার জন্য উপপরিচালক, প্রশিক্ষণকে পরামর্শ দেন।

সভাপতি মাঠ পর্যায় চলমান সেবাসহজিকরণ ও উদ্ভাবনী উদ্যোগগুলি মনিটরিং কমিটির সদস্যদের মাধ্যমে মনিটরিং করার বিষয়ে সংশ্লিষ্ট সকল সদস্যকে অনুরোধ করেন। একই সাথে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার নির্দেশনাগুলো সফলভাবে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানান।

পর্যালোচনা সভার সিদ্ধান্ত:

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

১) মহিলা বিষয়ক অধিদপ্তরের মহিলা প্রশিক্ষণ ও উন্নয়ন একাডেমির মাধ্যমে মহিলাদের বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত সেবাটি প্রস্তাবিত পদ্ধতির ধাপ অনুসারে পাইলটিং করতে হবে।

২) মাঠ পর্যায়ে পাইলটিং সেবাসহজিকরণ ও উদ্ভাবনী উদ্যোগগুলি মনিটরিং কমিটির সদস্যদের মাধ্যমে মনিটরিং করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় প্রত্যেকের উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করার আহ্বান জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৬/০৬/২০২২
ফরিদা পারভীন
মহাপরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৩২.০১.০০০০.০২১.১৮.০০১.২১- তারিখ: /০৬/২০২২

বিতরণ (কার্যার্থে/জ্ঞাতার্থে):

১। পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা;
২। অতি: পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা;
৩ উপপরিচালক, (সকল) সদর কার্যালয় ,................................ মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা;
৪। ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দ .................................. মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা;
৫। নাজনীন ফেরদাউস মজুমদার, প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা;
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

১৬.০৬.২০২২
ফরিদা খানম
উপপরিচালক (ম্যাজি:)
ও
ইনোভেশন অফিসার
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

G/working paper